



তারিখ : ২৫-৭-২০১৭

সংবাদ বিজ্ঞপ্তি

সিদ্দিকুর রহমানকে দেখতে গেলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ

আজ ২৫-৭-২০১৭ তারিখ মঙ্গলবার সকাল ১১:০০ টায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউটে চিকিৎসাধীন তিতুমীর কলেজের ৩য় বর্ষের ছাত্র সিদ্দিকুর রহমানকে দেখতে যান এবং তার চিকিৎসার খোঁজ খবর নেন। তার দুর্ঘটনার জন্য দুঃখ ও সমবেদনা জ্ঞাপন করেন। তিনি সিদ্দিকুর রহমানের মা ও ভাইয়ের সঙ্গে কথা বলেন এবং মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে তার উন্নত চিকিৎসার ব্যবস্থা হচ্ছে বলে তাদেরকে অবহিত করেন। উপাচার্য সিদ্দিকুর রহমানের পরিবারের প্রতি জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সব ধরনের সহযোগিতা প্রদানের কথা বলেন। এসময়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. মশিউর রহমান ও বিশ্ববিদ্যালয়ের প্রক্টর এইচ এম তায়েহীদ জামাল শিপু সঙ্গে ছিলেন।

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়